National Literacy Trust

Change your story



10-24 মাস বয়সী শিশু আছে এমন পরিবারের জন্য একদম সঠিক।

# তাদের গল্পের শুরু আপনাকে দিয়েই

সন্তানের সাথে কথা বললে ও তাদের অভিব্যক্তি শুনলে জন্মের শুরু থেকেই তাদের যোগাযোগ দক্ষতা বৃদ্ধিতে সহায়তা হয়।

আপনাদের প্রতিদিনের একসাথে কাটানো মুহূর্তগুলোকে সবচেয়ে ফলপ্রসূ করতে এই কার্ডগুলোতে দেওয়া টিপস কাজে লাগান।

পার্টনার

Better Health Start for Life



# পোষাক পরানো

সন্তানের পোষাক পরানোর সময় শরীরের বিভিন্ন অঙ্গ ও তার পোষাকের নাম ব্যবহার করলে তারা নতুন নতুন শব্দ শিখতে পারবে।

# পোষাক পরানোর সময় গল্প করা বিষয়ক টিপস

বিবরণমূলক শব্দ ব্যবহার করতে চেষ্টা করুন।

**“তোমার ডোরা কাটা সবুজ জাম্পারটি আমার ভালো লাগে/”**

শরীরের বিভিন্ন অংশ নির্দেশ করে দেখান।

**“টুপি তোমার মাথায় পরতে হয়।”**

সন্তানকে পছন্দ করার সুযোগ দিন।

**“তুমি ডোরা কাটা টপটা পরতে চাও, নাকি ফোটা ফোটা দাগেরটা পরতে চাও?”**



# খাবার সময়

খাওয়ার সময় আপনার সন্তানের খাবার ও তাদের কাজকর্ম নিয়ে কথা বললে তারা শব্দের অর্থ বুঝতে পারে।



# খাবার সময় গল্প করা বিষয়ক টিপস

সুযোগ হলেই একসঙ্গে খাবার খান ও খাবার নিয়ে কথা বলুন।

“আমি এই কলা পছন্দ করি। এটি নরম!”

একই শব্দ বা শব্দগুচ্ছগুলো পুনরাবৃত্তি করুন।

“আমি তোমার বোলে সিরিয়াল ঢালছি।”

তাদেরকে কাজে সহায়তা করার জন্য উৎসাহিত করুন।

“তুমি কি তোমার প্লেটটা বের করবে?”





# বাড়িতে

বাড়িতে থাকার সময় যদি আপনি আপনাদের দুজনের কাজকর্ম নিয়ে কথা বলেন, তাহলে আপনার সন্তান নতুন ধ্বনি ও শব্দ শিখতে পারবে।

# বাড়িতে গল্প করা বিষয়ক টিপস

তাদের আগ্রহের বিষয়গুলো খেয়াল করুন।

“তুমি বাক্সটিতে অনেক জিনিস রাখছো, তুমি বাক্সটি প্রায় ভরেই ফেলেছো।”

আপনি যা করছেন সে সম্পর্কে কথা বলুন।

“এসো যাওয়ার আগে বাজারের লিস্ট লিখে ফেলি।”

ওরা সহযোগিতা করতে পারবে এমন কাজ খুঁজে বের করুন ও তারা কী করছে ব্যাখ্যা করুন।

“তোমার মোজা ওয়াশিং মেশিনে দেওয়ার জন্য ধন্যবাদ।”





# ঘরের বাইরে

আপনারা যখন বাইরে যান, তখন দুজনে যা যা দেখেন সেগুলো সম্পর্কে কথা বললে শিশুরা নতুন নতুন শব্দ শিখতে পারবে।

# বাইরের সচরাচর কাজকর্মের সময় গল্প করা বিষয়ক টিপস

যা দেখেন সেগুলো নিয়ে কথা বলুন।

“লাল বাসটা দেখো। আমি ভাবছি লোকগুলো কোথায় যাচ্ছে।”

শিশুরা যা যা খেয়াল করে সেগুলো নিয়ে কথা বলুন।

“তুমি একটি শামুক খুঁজে পেয়েছো। চলো দেখি আমরা আর কোনোটি খুঁজে পাই কি না।”

কথোপকথন শুরু করার জন্য আপনার ইন্দ্রিয়গুলো ব্যবহার করুন।

“আমরা পাতা ভেঙে যাচ্ছি, তুমি কি তার শব্দ পাচ্ছ?”





# গোসলের সময়

শিশুকে গোসল করানোর সময় গল্প করলে তারা আওয়াজের চর্চা করতে ও শব্দ গঠন করতে পারে।

# গোসলের সময় গল্প করা বিষয়ক টিপস

**গোসলের খেলনাগুলো নিয়ে আপনার সন্তান যা যা করে তার বিবরণ দিন।**

“তুমি পানি বাইরে ফেলে দিয়েছো। এটা ভরা ছিলো আর এখন খালি হয়ে গেছে।”

**আপনি যা করছেন সে সম্পর্কে কথা বলুন।**

“চলো এখন তোমার পা মুছে ফেলি। তোয়ালেটা কি নরম লাগে?”

**সন্তানের বলা কথা ও আওয়াজগুলোর পুনরাবৃত্তি করুন।**

শিশু: “পপ, পপ।”

বড়রা: “পপ, পপ, আমরা সকল বুদবুদ ফাটাচ্ছি।”



# শোবার সময়

যখন আপনারা গল্প করেন ও একসাথে গান করেন তখন নতুন নতুন শব্দের সাথে তারা পরিচিত হয়।

# শোবার সময় গল্প করা বিষয়ক টিপস

**কী পড়তে হবে তা বেছে নিতে তাদেরকে উৎসাহিত করুন।**

*“আজ রাতে আমরা কোন বইটি পড়বো?”*

**নার্সারি ছড়া বা লালাবাই গাওয়ার চেষ্টা করুন।**

*“ইনসি উইন্সি স্পাইডার ক্লাইমড আপ দ্য ওয়াটার স্পাউট...”*

**ছবিগুলো নিয়ে কথা বলুন।**

*“জিরাফ অনেক লম্বা! ওদের কি এখানে জায়গা হবে?”*

## এই টিপসগুলো আপনার সন্তানের যোগাযোগ দক্ষতার ক্ষেত্রে সহায়ক হতে পারে:

- আপনার সন্তানের কথা, শব্দ ও মুখভঙ্গির প্রতি সাড়া দেওয়ার মাধ্যমে একটি ‘কথোপকথন’ শুরু করুন। আপনার বলা শেষ হলে মনে করে থামুন ও প্রতিক্রিয়া জানানোর জন্য তাদেরকে সময় দিন।
- ওরা কিসের প্রতি ইঙ্গিত করে ও তাকায় তা খেয়াল করুন এবং সেগুলো নিয়ে কথা বলুন।
- সারাদিন জুড়ে সুযোগ বুঝে কথা বলুন, গান করুন, বই পড়ুন ও খেলা করুন।
- **যদি আপনি ছোট ছোট মুহূর্তগুলোর সর্বোত্তম ব্যবহার করতে পারেন, তাহলে আপনি শুরু থেকেই তাদের যোগাযোগ দক্ষতা গড়ে তোলার ক্ষেত্রে সহায়তা করতে পারবেন।**

এই পণ্যটি কোনো খেলনা নয়।

/nationalliteracytrust @Literacy_Trust @Literacy_Trust

**আরো অ্যাক্টিভিটির জন্য ভিজিট করুন wordsforlife.org.uk**

দ্য ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট (The National Literacy Trust) একটি নিবন্ধিত দাতব্য সংস্থা যার নম্বর 1116260 (ইংল্যান্ড ও ওয়েলস) এবং SC042944 (স্কটল্যান্ড)।